

সারাদেশ

ভুল্লীতে আগুনে একই পরিবারের চার ঘর পুড়ে ছাই

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: সোমবার, ০৫ অক্টোবর ২০২৬, ১২:০৯ PM



ঠাকুরগাঁওয়ের ভুল্লী উপজেলার বালিয়া ইউনিয়নের কুমারপুর ফরেস্টের ডাংগাপাড়ায় অগ্নিকাণ্ডে একই পরিবারের চারটি ঘর পুড়ে গেছে। আজ সোমবার সকাল সাড়ে আটটার দিকে এ ঘটনা ঘটে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে জানা গেছে।

ক্ষতিগ্রস্ত পরিবারটি সোনাফুল ইসলামের। তিনি ভ্যানচালক। আগুনে তাঁর তিনটি শোবার ঘর ও একটি রান্নাঘর সম্পূর্ণ পুড়ে গেছে।

স্থানীয় সূত্রে জানা যায়, ঘটনার সময় পরিবারের চারজন সদস্য বাড়িতে ছিলেন। সোনাফুল ইসলামের ছেলে আজিজুল অটোরিকশা চালান। তাঁর বন্ধ ঘর থেকে বৈদ্যুতিক শকের মাধ্যমে আগুনের সূত্রপাত হয় বলে স্থানীয়রা জানান।


মুহূর্তের মধ্যে আগুন চারদিকে ছড়িয়ে পড়ে। একপর্যায়ে চারটি ঘরই আগুনে পুড়ে যায়। আগুন দ্রুত ছড়িয়ে পড়ায় পরিবারের সদস্যরা পরনের কাপড় ছাড়া আর কোনো কিছু বের করতে পারেননি।

ক্ষতিগ্রস্ত পরিবারের দাবি, আশুনে নগদ টাকা, আসবাবপত্র ও অন্যান্য মালামাল পুড়ে গেছে। এতে প্রায় পাঁচ লাখ টাকার ক্ষতি হয়েছে।

খবর পেয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের দুটি গাড়ি ঘটনাস্থলে যায়। স্থানীয় লোকজনের সহায়তায় তারা আগুন নিয়ন্ত্রণে আনে।

অগ্নিকাণ্ডের পর পরিবারটি খোলা আকাশের নিচে অবস্থান করছে। ক্ষতিগ্রস্ত পরিবারকে দ্রুত সরকারি সহায়তা দেওয়ার দাবি জানিয়েছেন এলাকাবাসী।

এ বিভাগের আরও খবর



তজুমদ্দিনে মুক্তিযোদ্ধা কার্ড দেওয়ার কথা বলে পরিবারপ্রতি ৩ লাখ টাকা নেওয়ার অভিযোগ
ভোলায় তজুমদ্দিনে ভূয়া মুক্তিযোদ্ধা কার্ড তৈরি করে দেওয়ার কথা বলে কয়েকটি পরিবারের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। পরিবারপ্রতি প্রায় ৩ লাখ...



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক
গ্রামীণ প্রান্তিক জনসোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/bhullite-agune-eki-pribarer-char-ghr-pure-chhai>